

## সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৮৫৭

১২/ ওসীয়াত সম্পর্কে (كتاب الوصايا)

পরিচ্ছেদঃ ১০৬. ওসীয়াত দ্বারা উত্তরাধিকারীদের ক্ষতি করা অন্যায়।

আরবী

حَدَّثَنَا عَبْدَةُ بْنُ عَبْدِ اللَّهِ، أَخْبَرَنَا عَبْدُ الصَّمَدِ، حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ الْحُدَّانِيُّ، حَدَّثَنَا  
الْأَشْعَثُ بْنُ جَابِرٍ، حَدَّثَنِي شَهْرُ بْنُ حَوْشَبٍ، أَنَّ أَبَا هُرَيْرَةَ، حَدَّثَهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى  
اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " إِنَّ الرَّجُلَ لَيَعْمَلُ وَالْمَرْأَةُ بِطَاعَةِ اللَّهِ سِتِّينَ سَنَةً ثُمَّ يَحْضُرُهُمَا  
الْمَوْتُ فَيُضَارَّانِ فِي الْوَصِيَّةِ فَتَجِبُ لَهُمَا النَّارُ " . قَالَ وَقَرَأَ عَلَى أَبُو هُرَيْرَةَ مِنْ هَذَا  
( مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصَى بِهَا أَوْ دَيْنٍ غَيْرِ مُضَارٍّ ) حَتَّى بَلَغَ ( ذَلِكَ الْفَوْزُ الْعَظِيمُ ) . قَالَ  
أَبُو دَاوُدَ هَذَا - يَعْنِي الْأَشْعَثُ بْنُ جَابِرٍ - جَدُّ نَصْرِ بْنِ عَلِيٍّ .

বাংলা

২৮৫৭. 'আবদা ইবন 'আবদুল্লাহ্ (রহঃ) .... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি কোন স্ত্রীলোক এবং কোন পুরুষ ষাট বছর পর্যন্ত আল্লাহর ইবাদাত করে, পরে যখন সে দু'জনের মৃত্যুর সময় উপস্থিত হয়, তখন তারা ওসীয়াতের দ্বারা উত্তরাধিকারীদের ক্ষতি করে, এমতাবস্থায় তাদের উভয়ের জন্য জাহান্নামের আগুন অবধারিত হয়ে যায়। রাবী (শাহর ইবন হাওশাব) বলেনঃ এ সময় আবু হুরায়রা (রাঃ) নিম্নোক্ত আয়াতটি তিলাওয়াত করেন, (যার অর্থ হলো) "যে পরিমাণ মাল সাদকা করার জন্য ওসীয়াত করা হয়, তা আদায় করার পর এবং দেনা পরিশোধের পর, যা অন্যের জন্য ক্ষতিকর নয় .... হতে, এ হলো বিরাট সফলতা।"

আবু দাউদ (রহঃ) বলেনঃ এই হাদীছের রাবী আশ'আছ ইবন জাবির (রাঃ) হলেন নসর ইবন 'আলী (রাঃ) এর দাদা।

## English

Narrated AbuHurayrah:

The Prophet (ﷺ) said: A man or a woman acts in obedience to Allah for sixty

years, then when they are about to die they cause injury by their will, so they must go to Hell. Then AbuHurayrah recited: "After a legacy which you bequeath or a debt, causing no injury...that will be the mighty success.

Abu Dawud said: Al-Ash'ath b. Jabir is the grandfather of Nasr b. 'Ali.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34965>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন